NYC Public Schools

# সেভ ফর কলেজ প্রোগ্রাম
# পিতামাতা ও অভিভাবকদের অপ্ট-আউট (নাম প্রত্যাহার) নোটিশ ও ফর্ম

---

**3 নভেম্বর, 2025**

প্রিয় পিতামাতা/অভিভাবক:

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ ("NYCPS") অলাভজনক প্রতিষ্ঠান NYC Kids RISE, Inc.-এর সাথে সেভ ফর কলেজ প্রোগ্রাম ("প্রোগ্রাম")-এ অংশীদারিত্ব করেছে। এই বিনামূল্যের প্রোগ্রামটি যোগ্য শিক্ষার্থীদেরকে যোগ্য কলেজ এবং পেশাগত প্রশিক্ষণের ব্যয়ের জন্য অর্থ প্রদান করে। NYC Kids RISE প্রোগ্রামের প্রত্যেক শিক্ষার্থীর জন্য একটি "NYC স্কলারশিপ অ্যাকাউন্ট"-এ $100 বরাদ্দ করে। অর্থায়নের উপর নির্ভর করে, সিটি অভ নিউ ইয়র্ক এবং NYCPS এই শিক্ষা বছরে প্রোগ্রামটি সম্প্রসারণ করা অব্যাহত রাখছে এবং আপনার সন্তানের স্কুল অন্তর্ভুক্ত হবে। আরো তথ্যের জন্য, http://nyckidsrise.org দেখুন।

**আপনি কীভাবে, হয় (1) কিছু করেন না এবং NYC Kids RISE দ্বারা একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এর তৈরিতে সম্মতি দেন অথবা (2) নাম প্রত্যাহার (অপ্ট-আউট) করেন এবং NYC Kids RISE দ্বারা আপনার সন্তানের জন্য একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট তৈরি করতে না করবেন, সে বিষয়ে এই বিজ্ঞপ্তিতে গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে।**

**আপনার সন্তানের একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট থাকার জন্য, NYCPS-এর NYC Kids RISE এবং ভিসতাশেয়ার (VistaShare) নামক একটি কোম্পানিকে নিচের তথ্যগুলো জানানো প্রয়োজন:**

- প্রোগ্রামের জন্য শিক্ষার্থীর একটি অনন্য আইডেন্টিফিকেশন (পরিচিতি) নম্বর
- শিক্ষার্থীর পুরো নাম
- শিক্ষার্থীর জন্মতারিখ
- শিক্ষার্থীর বাড়ির ঠিকানা এবং কোনো ভবিষ্যত সম্ভাব্য পরিবর্তন
- বাড়ির ফোন নম্বর
- স্কুলের নাম
- বর্তমান গ্রেড স্তর
- বাড়িতে যে ভাষা(গুলো)তে কথা বলা হয়
- NYC পাবলিক স্কুল সিস্টেমের অভ্যন্তরে এবং বাইরে উভয়টিতে, অন্যান্য স্কুলে যদি ট্রান্সফার (বদলি) করা হয়ে থাকে
- প্রোগ্রামের জন্য পিতামাতা/অভিভাবক-এর অনন্য আইডেন্টিফিকেশন (পরিচিতি) নম্বর
- পিতামাতা/অভিভাবক-এর পুরো নাম
- পিতামাতা/অভিভাবক-এর ইমেইল ঠিকানা
- পিতামাতা/অভিভাবক-এর সেল এবং/অথবা অন্য ফোন নম্বর

NYC Kids RISE অংশগ্রহণকারীর তথ্য সংরক্ষিত রাখা, একটি অনলাইন পোর্টাল ব্যবস্থাপনা, এবং প্রযুক্তিগত সহায়তা প্রদানের জন্য ভিসতাশেয়ার (VistaShare)-এর সাথে কাজ করে। NYC Kids RISE এবং ভিসতাশেয়ার (VistaShare)-এর **শুধুমাত্র** প্রোগ্রাম চালনা এবং পর্যালোচনার জন্য এই তথ্য ব্যবহার বা প্রকাশ করার অনুমতি আছে। তাদের কোনো বিজ্ঞাপন, বিপণন, অথবা অন্যান্য বানিজ্যিক উদ্দেশ্যে এই তথ্য বিক্রয়, ব্যবহার, অথবা শেয়ার করার অনুমতি **নেই**।

**বেছে নেয়ার জন্য আপনার কী কী বিকল্প রয়েছে?**

1. **কিছু না করা (পরবর্তী পৃষ্ঠার ফর্মটি সম্পূর্ণ করবেন না ও ফেরত দেবেন না) যদি আপনি চান আপনার সন্তান অংশগ্রহণ করুক এবং আপনার সন্তানের পক্ষ থেকে NYC Kids RISE দ্বারা তৈরি ও পরিচালিত একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এ $100 বরাদ্দ পাক।**

**অথবা**

2. আপনি যদি অংশগ্রহণ করতে **না** চান তবে পরবর্তী পৃষ্ঠায় ফর্মটি সম্পূর্ণ করা এবং 12/3/2025-এর মধ্যে আপনার স্কুলের মেইন অফিসে এটি জমাদানের মাধ্যমে **নাম প্রত্যাহার (অপ্ট-আউট)** করুন। আপনার সন্তান একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট পাবে না এবং এই প্রোগ্রামের সাথে সম্পর্কিত আপনার সন্তানের তথ্য প্রকাশ করা হবে না। পরবর্তী পৃষ্ঠায় নাম প্রত্যাহার (অপ্ট-আউট)-এর ফর্মটি পূরণ করা সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার স্কুলের মেইন অফিসের সাথে কথা বলুন।

**এই প্রোগ্রাম সম্পর্কে আপনার কোনও প্রশ্ন আছে কি? NYC Kids RISE হটলাইনে 833-543-7473 নম্বরে ফোন করুন অথবা SavingTogether@schools.nyc.gov ঠিকানায় NYCPS-কে ইমেইল করুন।**

***OFFICE NOTE: For kindergarten and newly enrolled first, second, third, and fourth graders only.***
***Keep all returned Opt-Out Notices in the student's Cumulative Folder indefinitely.*** 

NYC Public Schools

# সেভ ফর কলেজ প্রোগ্রাম
# পিতামাতা ও অভিভাবকদের অপ্ট-আউট (নাম প্রত্যাহার) নোটিশ ও ফর্ম

---

**সেভ ফর কলেজ প্রোগ্রাম থেকে নাম প্রত্যাহার (অপ্ট-আউট) ফর্ম**

**আপনি যদি চান যে আপনার সন্তান একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট না পাক, শুধুমাত্র তাহলেই এই ফর্ম পূরণ ও স্বাক্ষর করুন।** Return to your school secretary by 12/3/2025.

**আমার সন্তানের পিতামাতা/অভিভাবক হিসেবে, আমি চাই না আমার সন্তানের তথ্য NYC Kids RISE বা ভিসতাশেয়ার (VistaShare)-এর কাছে প্রকাশ করা হোক। আমি বুঝতে পারছি যে এই তথ্য দিতে অস্বীকার করার মাধ্যমে, আমার সন্তান একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট পাবে না এবং আমার সন্তানের জন্য কোনো অর্থ বরাদ্দ হবে না।**

| | |
|---|---|
| শিক্ষার্থীর প্রথম নাম: | শিক্ষার্থীর শেষ নাম: |
| স্কুলের নাম: | শিক্ষার্থীর অফিশিয়াল ক্লাস:<br><br>অফিসিয়াল (আনুষ্ঠানিক) গ্রেড স্তর: |
| পিতামাতা/অভিভাবকের নাম ইংরেজি বড় অক্ষরে: | স্বাক্ষর: |
| তারিখ: | |

*OFFICE NOTE: For kindergarten and newly enrolled first, second, and third graders only.*
*Keep all returned Opt-Out Notices in the student's Cumulative Folder indefinitely.* 